

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৮(আগরতলা ২৬।০৫)

শান্তিরবাজার, ২৬ মে, ২০২৪

**শান্তিরবাজার মহকুমায় নজরুল জন্মজয়ন্তী**

শান্তিরবাজার মহকুমায় তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে এবং শান্তিরবাজার পুর পরিষদের সহযোগিতায় গতকাল বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। এ উপলক্ষে মহকুমার বাইখোড়া কমিউনিটি হলে কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বাইখোড়া জগন্নাথ মন্দিরের সভাপতি শ্রীপদ করুণেশ্বর মাধব দাস। অনুষ্ঠানে তিনি নজরুলের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং কাজী নজরুল ইসলামের জীবন ও সাহিত্য নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে স্থানীয় বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ নজরুল গীতি, আবৃত্তি ও নৃত্য পরিবেশন করেন।

\*\*\*\*\*